গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্লাউ ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পুঠিয়া, রাজশাহী পরিদর্শন প্রতিবেদনঃ

আমি নিম্নস্বাক্ষরকারী গত ২০/১০/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ০৩.০০ টায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পুঠিয়া রাজশাহী পরিদর্শন করি। পরিদর্শনকালে উপপরিচালক, মহিলা বিয়ক অধিদপ্তর, রাজশাহী মিজ শবনম শিরিন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ ডালিয়া পারভীনসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ অফিসে সংরক্ষিত/ব্যবহার্য বিভিন্ন রেজিষ্টার দেখা গেল। ক্যাশ বহিসহ অন্যান্য রেজিষ্টারের সংরক্ষণ মান ভালো। রেজিষ্টার সমূহ হালনাগাদ করা হয়েছে। কার্যালয়ের নথিপত্র ও রেজিষ্টারসমূহ পর্যালোচনা করে নিম্ন বর্ণিত তথ্যাদি পাওয়া গেলঃ

০১. জনবল সংক্রান্ত তথ্যঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অনুমোদিত জনবল কর্মকর্তা ০১ জন এবং কর্মচারী ০৪ জন। পদগুলো হলো: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ১ জন, হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার ১ জন, ট্রেড প্রশিক্ষক ১ জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ১ জন, অফিস সহায়ক ১ জন। এছাড়া আইজিএ প্রকল্পের জন্য ২ জন আউটসোর্সিং প্রশিক্ষক ও ০১ জন অফিস এটেনডেন্ট রয়েছে। কোন পদ শূণ্য নেই, তবে হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ আমিনুল ইসলাম, মহিলা সহায়তা কর্মসূচি, রাজশাহীতে সংযুক্ত আছেন। মহিলা সহায়তা কর্মসূচি, রাজশাহী কার্যালয়ের সাথে যোগাযোগ করে জানা গেল সেখানে মাত্র ২ জন আশ্রিতা রয়েছেন এবং কর্মকর্তা কর্মচারী রয়েছেন ১৪ জন। তাই উপজেলা অফিসের একজন হিসাবরক্ষক কে উক্ত কার্যালয়ে সংযুক্ত রাখার কোন যুক্তিসংগত কারণ নেই। হাজিরা খাতা পর্যবেক্ষণ করে দেখা হলো। সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত অফিস করছেন মর্মে প্রতীয়মান হয়।

সুপারিশ: মহিলা সহায়তা কর্মসূচি, রাজশাহীতে সংযুক্ত হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ আমিনুল ইসলাম এর সংযুক্তি আদেশ বাতিল করা সমীচীন বলে মনে করি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২. অফিস ভবন সংক্রান্তঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিজস্ব অফিস ভবন নাই। উপজেলা পরিষদের ২টি কক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। কক্ষ দুটি মেরামত প্রয়োজন।

সুপারিশ : অফিস ভবনটি মেরামতের জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এর সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ দেওয়া হল।

০৩। ভিজিডি কর্মসূচিঃ

২০১৯-২০২০ ভিজিডি চক্রে পুঠিয়া উপজেলায় অনুমোদিত কার্ড সংখ্যা ২০২৯ টি। ২০১৯-২০২০ ভিজিডি চক্রের ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ থেকে সেপ্টেম্বর/১৯ পর্যন্ত ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে । চেয়ারম্যানদের সহিত মতবিনিময় কালে সুষ্ঠুভাবে চাল বিতরণ কার্যক্রম চলছে মর্মে জানা গেল। ভিজিডি খাদ্য শস্য পরিবহন ব্যয় বৃদ্ধি করায় চেয়ারম্যানগণ সরকারকে ধন্যবাদ জানান। উপকারভোগীদের সঞ্চয় ব্যবস্থাপনার জন্য ব্যাংক একাউন্ট খোলার বিষয়টি গুরুত্বপূর্ণ মর্মে চেয়ারম্যানগন মত প্রকাশ করেন। তবে প্রতি মাসে ব্যাংকে এসে ২০০ টাকা বাধ্যতামূলক সঞ্চয় জমা দেয়ার পর জমা স্লিপ দেখিয়ে চাল গ্রহণ করতে হবে এই ব্যবস্থাটি উপকারভোগী মহিলাদের জন্য কষ্টদায়ক মর্মে চেয়ারম্যানগণ মতামত প্রদান করেন। এ উপজেলায় ভিজিডি কার্যক্রমের আওতায় চুক্তিবদ্ধ এনজিও এর নাম Disabled Development Organization (DDO)। উক্ত এনজিও ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছেন মর্মে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান।

সুপারিশ : ভিজিডি কার্যক্রমে উপকারভোগীদের সুঞ্চয় ব্যবস্থাপনা কিভাবে উপকারভোগীবান্ধব করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষন করা হলো।

০৪। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিঃ

এ কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে পুঠিয়া উপজেলায় মোট উপকারভোগীর সংখ্যা ৮৭৬ জন। উক্ত ৮৭৬ জন উপকারভোগীর স্ব-স্ব নামের ব্যাংক হিসাবে জানুয়ারি/১৯ হতে জুন/১৯ পর্যন্ত ৬ মাসের জনপ্রতি মাসিক ৮০০/- টাকা হারে ৪৮০০/- (চার হাজার আটশত টাকা মাত্র) টাকা করে ভাতার অর্থ G2P payment এর মাধ্যমে প্রদান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছর হতে প্রতি ইউনিয়নে ৮০ জনের প্রাথমিক তালিকা প্রস্তুতের কাজ চলছে। মতবিনিময় কালে ইউপি চেয়ারম্যানগণ শীঘ্রই উপকারভোগীদের তালিকা প্রেরণ করবেন মর্মে জানান।

সুপারিশ : নতুন ভাতাভোগী যাচাই-বাছাইয়ের কাজ দ্রুততার সহিত সম্পন্ন করে MIS এ ডাটা এন্ট্রি দেয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

০৫। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচিঃ

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় পুঠিয়া পৌরসভায় ভাতাভোগীর সংখ্যা ৪২৫। উক্ত ভাতাভোগীদের জানুয়ারি/১৯ হতে জুন/২০১৯খ্রিঃ মাস পর্যন্ত ৬ মাসের জন প্রতি মাসিক ৮০০/- টাকা হারে ৪৮০০/- (চার হাজার আটশত টাকা মাত্র) টাকা করে ভাতার অর্থ G2P payment এর মাধ্যমে প্রদান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে নতুন ২৫০ জন ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে যাচাই বাছাই সম্পন্ন হয়েছে এবং MIS এ ডাটা এন্ট্রি দেয়ার কাজ চলছে মর্মে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান।

সুপারিশ : MIS এ ডাটা এন্ট্রি দেয়ার কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

০৫। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ

গ্রামীণ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় শুরু থেকে এ পর্যন্ত পুঠিয়া উপজেলায় ৩০২ জন দুঃস্থ মহিলাকে ৩৮,২২,০০০/-(আটত্রিশ লক্ষ বাইশ হাজার টাকা মাত্র) টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায় হয়েছে ৩৫,৬৫,১৩১/- (পয়ত্রিশ লক্ষ পয়ষট্টি হাজার একশত একত্রিশ টাকা মাত্র)। মাঠ পর্যায়ে অনাদায়ী রয়েছে ৪,৪২,১১৩/-(চার লক্ষ বিয়াল্লিশ হাজার একশত তের টাকা মাত্র) টাকা। তন্মধ্যে অনাদায়ী চলতি ২,৪৫,৪৯০/- (দুই লক্ষ পয়তাল্লিশ হাজার চারশত নব্বই টাকা মাত্র) টাকা এবং খেলাপী মেয়াদ উত্তীর্ণ ১,৯৬,৬২৩/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত তেইশ) টাকা মাত্র। আদায়ের হার ৯৩,২৭%।

সুপারিশ : ক্ষুদ্রঋণ কার্যক্রম সন্তোষজনক। খেলাপি ঋণ আদায়ের জন্য আরো সক্রিয় হওয়া এবং ঋন খেলাপিদের নোটিশ প্রদান করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

০৬। উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণঃ

'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ' (আইজিএ) প্রকল্পের আওতায় এ উপজেলায় ০২টি ট্রেডে (বিউটফিকেশন ও ট্রেইলারিং) ২৫ জন করে ০৩ মাস মেয়াদে মোট ৫০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল/২০১৮ হতে সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত ৬টি ব্যাচে দুই ট্রেডে মোট ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে ৭ম ব্যাচ এর প্রশিক্ষণ (অক্টোবর/২০১৯ থেকে ডিসেম্বর/২০১৯) চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হ'ল। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ও প্রশিক্ষণের মান সন্তোষজনক। প্রশিক্ষণার্থীগণ হাজিরার ভিত্তিতে দৈনিক ১০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাচ্ছেন মর্মে জানা গেল।

সুপারিশ : প্রশিক্ষণ কার্যক্রমের মনিটরিং জোরদার করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

০৭। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও বাল্য বিবাহ নিরোধ ও জাতীয় দিবস পালন সংক্রান্ত বিষয়ঃ

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত আছে মর্মে জানা গেল। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থ বছরে ৪৮ টি উঠান বৈঠক করা হয়েছে। উপকারভোগীর সংখ্যা ২৬৫০ জন। উঠান বৈঠক বা আলোচনা সভার জন্য কোন প্রকার বরাদ্দ নেই মর্মে জানা গেল। অথচ এ মন্ত্রণালয়ের 'তথ্য আপা' প্রকল্পে উঠান বৈঠকের জন্য বরাদ্দ প্রদান করা হচ্ছে। উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে জাতীয় দিবসসমূহ যথাযথভাবে পালন করা হচ্ছে মর্মে জানা গেল।

সুপারিশ : নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত রাখতে হবে। এ কার্যক্রমের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়কে অর্থ বরাদ্দ প্রদান করা যায় কিনা সে বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষন করা হলো।

৮। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ :**

পুঠিয়া উপজেলায় মোট নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির সংখ্যা ২২২টি। সক্রিয় সমিতির সংখ্যা ৪৫ টি , নিষ্ক্রিয় সমিতির সংখ্যা ১৭৭ টি । সক্রিয় সমিতির মধ্যে থেকে ২০১৮-১৯ অর্থ বছরে ১১ টি সমিতিকে প্রদানের জন্য ২,১৫,০০০/-(দুই লক্ষ পনের হাজার টাকা মাত্র) অনুদান পাওয়া গেছে । বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন।

সুপারিশ : স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ সক্রিয় করাসহ তাদের কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে।

৯। **সার্বিক মন্তব্য :**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী এর প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনক। সামাজিক নিরাপত্তা কার্যক্রমে নিয়োজিত এনজিও এবং আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্ত : পরিদর্শনের ছবি ০১(এক) ফর্দ।

(মো: ইকবাল হোসেন)
যুগ্মসচিব

নং- ৩২.০০.০০০০.০৯২.২৫.০০১.১২-১০২

তারিখঃ ১৩ কার্তিক, ১৪২৬ / ২৯ অক্টোবর ২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক,'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ), প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫। উপসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।
৯। সিনিয়র সহকারী প্রধান (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

(মো: ইকবাল হোসেন)
যুগ্মসচিব
☎ ৯৫৫৯৫২৭

পুঠিয়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় পরিদর্শনের কয়েকটি ছবি।

পুঠিয়া উপজেলায় স্বাগত জানাচ্ছেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পুঠিয়া ও জন প্রতিনিধিবৃন্দ

ইউপি চেয়ারম্যানদের সাথে মতবিনিময় (উপস্থিত আছেন (উপপরিচালক, মবিঅ, রাজশাহী ও উপজেলা ভাইস চেয়ারম্যান)

পুঠিয়া উপজেলার আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের সাথে পরিদর্শনকারী



পুঠিয়ার ঐতিহাসিক রাজবাড়ির সামনে পরিদর্শনকারী (সাথে আছেন উপপরিচালক, মবিঅ, রাজশাহী ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী)